



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বায় ব্যবস্থাপনা অনুবিভাগ
বায় ব্যবস্থাপনা অধিশাখা-২
(www.mof.gov.bd)

নম্বর: ০৭.১৫২.০১৫.০৫.০০.০০২.২০১৩-৬৪২

তারিখ: ২১/০৩/২০২২ খ্রি.

বিষয়: বিভাগীয় কমিশনারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারীদের বিভিন্ন পদের পদনাম পরিবর্তন।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নম্বর: ০৫.০০.০০০০.১১২.১৫.০০২.২১.১২৯, তারিখ: ১৬ মার্চ ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নিম্নবর্ণিত কর্মচারীদের পদনাম পরিবর্তনের প্রস্তাবে উল্লিখিত শর্তে অর্থ বিভাগের সম্মতি নির্বেশক্রমে জ্ঞাপন করা হলো:

বিদ্যমান পদের নাম	বেতন গ্রেড	পরিবর্তিত পদের নাম
(১) অফিস সুপারিনটেনডেন্ট (২) সিএকাম উচ্চমান সহকারী (৩) সীটলিপিকার কাম কম্পিউটার অপারেটর	(গ্রেড-১৩)	উপ-প্রশাসনিক কর্মকর্তা
(৪) প্রধান সহকারী (৫) ট্রেজারি হিসাব রক্ষক (৬) সীটমুদ্রাকরিক কাম কম্পিউটার অপারেটর (৭) পরিসংখ্যান সহকারী	(গ্রেড-১৪)	সহকারী প্রশাসনিক কর্মকর্তা
(৮) উচ্চমান সহকারী	(গ্রেড-১৫)	উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা

শর্ত:

- পদনাম পরিবর্তিত হলেও বেতন গ্রেড পরিবর্তন করা যাবে না;
- বিদ্যমান নিয়োগ বিধিতে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করতে হবে;
- প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন গ্রহণ করতে হবে;
- পদনাম পরিবর্তনের ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভায় অনুমোদন গ্রহণ করতে হবে;
- পরিবর্তিত পদসমূহের পদসংখ্যা বিদ্যমান পদসমূহের মোট পদসংখ্যার সমান হবে অর্থাৎ মোট পদসংখ্যার কোন হ্রাসবৃদ্ধি ঘটবে না;
- সকল আনুষ্ঠানিকতার পর পদবী পরিবর্তনের ০৪ (চার) কপি জিও জারি করে পৃষ্ঠাকনের জন্য অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।


০২/০৩/২০২২

(আহমেদ কামরুল হাসান)
উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৪০০৬
ইমেইল: kamrulbcs@yahoo.com

✓
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা